



## ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

উপ-মহাব্যবস্থাপক (অর্থ), গভর্নমেন্ট এন্ড রেভিনিউ অডিট, ডিপিডিসি

এবং

মহা-ব্যবস্থাপক ( অডিট), ডিপিডিসি এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২৩- ৩০ জুন, ২০২৪খ্রি,

## সেকশন -১

উপ-মহাব্যবস্থাপক (অর্থ), গভর্নমেন্ট এন্ড রেভিনিউ অডিট দপ্তরের কৌশলগত উদ্দেশ্য

### ১.১ রূপকল্প (Vision)

ঢাকা পাওয়ার ডিস্ট্রিকিউশন কোম্পানি লিমিটেডের আওতাধীন সকল দপ্তরে কোম্পানির প্রচলিত সকল বিধিবিধান যথাযথ অনুসরণ ও বাস্তবায়ন পূর্বক যাতে অডিট আপত্তি উত্থাপিত না হয় বা সর্বনিম্ন পর্যায়ে রাখা যায় সে বিষয়ে লক্ষ্য রেখে অর্থনৈতিক ও প্রশাসনিক কর্মকান্ড সম্পাদন করা।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

- সর্বোচ্চ প্রচেষ্টার মাধ্যমে অধিক সংখ্যক অডিট আপত্তির নিষ্পত্তির ব্যবস্থা করা।
- সকল এমপ্লয়ীদের কর্পোরেট সংস্কৃতির সঙ্গে মানানসই নতুন মানসিকতা গড়ে তোলা।
- ব্যয় হ্রাস করা।
- অডিট আপত্তির নিষ্পত্তির লক্ষ্য ব্রডশীট জবাব ও ত্রি-পক্ষীয় সভায় আলোচনার জন্য জবাব প্রনয়নের বিষয়ে সকল এমপ্লয়ীকে প্রশিক্ষণের ব্যবস্থা করা।


### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ গভর্নমেন্ট এন্ড রেভিনিউ অডিট দপ্তরের কৌশলগত উদ্দেশ্য

- গভর্নমেন্ট এন্ড রেভিনিউ অডিট দপ্তরের কাজের বিষয়ে দক্ষতা, সক্ষমতা ও স্বচ্ছতা বৃদ্ধি করা।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ


- দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিত করা
- অডিট আপত্তির নিষ্পত্তির কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন করা
- আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন করা



## সেকশন-২

উপ-মহাব্যবস্থাপক (অর্থ), গভর্নমেন্ট এন্ড রেভিনিউ অডিট দপ্তরের কার্যাবলি (Functions)

- বিদ্যুৎ ও জ্বালানী অডিট অধিদপ্তর এবং বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অডিট অধিদপ্তরের নিরীক্ষা দল কর্তৃক উত্থাপিত অডিট আপত্তির ব্রডশিট জবাব ফিল্ড অফিস হতে সংগ্রহপূর্বক প্রেরণ ও দ্বি-পক্ষীয় - ত্রি-পক্ষীয় সভার মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির ব্যবস্থা করা।
- বিদ্যুৎ ও জ্বালানী অডিট অধিদপ্তর এবং বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করে অধিক সংখ্যক দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার ব্যবস্থা করা।
- ত্রি-পক্ষীয় সভায় উপস্থাপিত সকল আপত্তি নিষ্পত্তির জন্য প্রতিটি জবাব পরীক্ষা করা এবং নিষ্পত্তির কার্যকর ব্যবস্থা গ্রহণ করা।
- সরকারি হিসাব সংক্রান্ত স্থায়ী/সাব-কমিটিতে উপস্থাপিত অডিট আপত্তি সমূহের নিষ্পত্তিমূলক জবাব প্রস্তুতে পরামর্শ ও সহযোগিতা প্রদান এবং নিষ্পত্তির ব্যবস্থা করা।
- সরকারী অডিট আপত্তি হ্রাসকল্পে যে সকল দপ্তরে অডিট কার্যক্রম চলবে, সে সকল দপ্তরের সাথে যোগাযোগ রক্ষা করে প্রয়োজনীয় নির্দেশনা, সহযোগিতা ও পরামর্শ প্রদান করা।



সেকশন-২


খ. কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	লক্ষ্যমাত্রা ২০২৩-২৪	বর্ণনা	মন্তব্য
১. বিদ্যুৎ ও জ্বালানী অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত অডিট আপত্তির জবাব সংগ্রহ, পরীক্ষা করন ও প্রেরন করা	১.০১ বিদ্যুৎ ও জ্বালানী অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত অডিট আপত্তি নিষ্পত্তিকল্পে জবাব সংগ্রহ পরীক্ষা ও প্রেরণ করা।	অডিট আপত্তির সংখ্যা	১০০টি		
২. বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত অডিট আপত্তির জবাব সংগ্রহ, পরীক্ষা করন ও প্রেরন করা	২.০১ বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত অডিট আপত্তি নিষ্পত্তিকল্পে জবাব সংগ্রহ, পরীক্ষা ও প্রেরণ করা।		১০টি		
৩. অডিট সভার কার্যক্রম গ্রহন ও প্রেরন করা	৩.০১ ত্রি-পক্ষীয় সভার ব্যবস্থা করা।	সংখ্যা	৮টি		
৪. অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের ব্যবস্থা করা	৪.০১ ত্রি-পক্ষীয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ করার ব্যবস্থা করা।	%	৭৫ %		
	৪.০২ সুপারিশকৃত অডিট আপত্তি নিষ্পত্তি ব্যবস্থা করা।		৫০টা		
৫. মহান জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী/সাব কমিটিতে আলোচনার লক্ষ্যে জবাব সংগ্রহ পরীক্ষা করন ও প্রেরন করা।	৫.০১ সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী/সাব কমিটির চাহিদা মোতাবেক অডিট আপত্তিসমূহের নিষ্পত্তিমূলক জবাব প্রস্তুত, পরীক্ষা, ও প্রেরন করা।	%	১০০%		
৬. ই-ফাইলিং পদ্ধতি কার্যক্রমের ব্যবস্থা গ্রহন	৬.০১ গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে গ্রহন ও প্রেরন।	%	৮০%		


আমি, উপ-মহাব্যবস্থাপক, (অর্থ), গভর্নমেন্ট এন্ড রেভিনিউ অডিট, ডিপিডিসি, মহা-ব্যবস্থাপক, অডিট, ডিপিডিসি-এর নিকট অঙ্গীকার করছি যে, উল্লিখিত 'তালিকাতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি মহা-ব্যবস্থাপক (অডিট), ডিপিডিসি হিসাবে উপ-মহাব্যবস্থাপক (অর্থ), গভর্নমেন্ট এন্ড রেভিনিউ অডিট, ডিপিডিসি এর নিকট অঙ্গীকার করছি যে, উল্লিখিত 'তালিকাতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:



উপ-মহাব্যবস্থাপক, গভর্নমেন্ট এন্ড রেভিনিউ অডিট, ডিপিডিসি



মহা-ব্যবস্থাপক, অডিট, ডিপিডিসি

২৭.০৭.২০২৩

তারিখ

২৭/৭/২০২৩

তারিখ